

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৩৪.২০১৪. ৫৯২

তারিখ : ০৭ আষাঢ়, ১৪২৩  
২১ জুন, ২০১৬


বিষয় : কুড়িগ্রাম জেলার অধুনালুপ্ত ছিটমহলের জনসাধারণকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয় কার্যালয়ের স্মারক নং-২৪৯, তারিখঃ-৩১.০৫.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার অধুনালুপ্ত ছিটমহল দাসিয়ার ছড়াকে পার্শ্ববর্তী ৩টি ইউনিয়নের (ফুলবাড়ী, কাশিপুর ও ভাঙ্গামোড়) ৬টি ওয়ার্ডে এবং ভুরঙ্গামারী উপজেলার অধুনালুপ্ত ১০টি ছিটমহলকে পার্শ্ববর্তী ইউনিয়নের (শিলখুড়ী, পাথরডুবি, ভুরঙ্গামারী) ৬টি ওয়ার্ডে অন্তর্ভুক্ত করে জানুয়ারি ২১, ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকা মোতাবেক ভোটার এলাকা পুনর্বিন্যাস করে নবসৃষ্ট ভোটার এলাকার কোড নম্বর অনুমোদন করা হয়েছে। উল্লিখিত এলাকার ভোটারযোগ্য নাগরিকদের ভোটার করার বিষয়টি সক্রিয় প্রক্রিয়াধীন রয়েছে মর্মে নির্বাচন কমিশন সচিবালয়ের পত্রে উল্লেখ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রেরিত পত্রের ছায়ািলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : নির্বাচন কমিশন সচিবালয়ের পত্রের ছায়ািলিপি  
০২ (দুই) পাতা।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
কুড়িগ্রাম।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।